গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
পরিকল্পনা-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mowca.gov.bd

**বিষয়ঃ ২০২৪-২৫ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী**

---

| | |
|---|---|
| সভাপতি | মমতাজ আহমেদ এনডিসি<br>সিনিয়র সচিব<br>মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় |
| তারিখ ও সময় | ০২ জুলাই ২০২৫, সকাল ১০.০০ টা। |
| স্থান | বাংলাদেশ শিশু একাডেমির সভাকক্ষ । |
| উপস্থিতি | পরিশিষ্ট-'ক' |

---

১.০ সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা-১)-কে সভা সঞ্চালনার আহবান জানান। সভাপতির অনুমতিক্রমে সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা-১) সভার আলোচ্যসূচি অনুযায়ী ২০২৪-২৫ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে বিস্তারিত বিবরণ (পরিশিষ্ট-খ) উপস্থাপন করেন।

**২.০ আলোচনা**

২.১ সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা-১) বলেন, ২০২৪-২৫ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে মন্ত্রণালয়ের অধীনে মোট ১৬টি প্রকল্প বাস্তবায়নাধীন আছে। সকল প্রকল্পের অনুকূলে এডিপিতে মোট ৬৮১২৩.০০ লক্ষ টাকা (জিওবি- ৫৫০৪৯.০০ লক্ষ টাকা এবং প্রকল্প সহায়তা ১৩০৭৪.০০ লক্ষ টাকা) বরাদ্দ আছে। সকল প্রকল্পের অনুকূলে আরএডিপিতে মোট ৭৩৩৬৩.০০ লক্ষ টাকা (জিওবি- ৫৪৮৪২.০০ লক্ষ টাকা এবং প্রকল্প সহায়তা ১৮৫২১.০০ লক্ষ টাকা) বরাদ্দ আছে। বরাদ্দের বিপরীতে মে ২০২৫ পর্যন্ত মোট ৫৩৪৯৮.৫৮ লক্ষ টাকা (জিওবি- ৪৭৭৫৯.৮৬ লক্ষ টাকা এবং প্রকল্প সহায়তা ৫৭৩৮.৭২ লক্ষ টাকা) অবমুক্ত করা হয়েছে, যা মোট বরাদ্দের ৭২.৯২% এবং ব্যয় হয়েছে মোট ৩৮৮৮৭.০১ লক্ষ টাকা (জিওবি- ৩৪৩০৩.৪৯ লক্ষ টাকা এবং প্রকল্প সহায়তা ৪৫৮৩.৫২ লক্ষ টাকা), যা মোট বরাদ্দের ৫৩.০১%। সভাকে জানানো হয় যে, ২০২৪-২৫ অর্থবছরের আরএডিপি বাস্তবায়নের জাতীয় গড় ৪৯.০৮%।

২.২ তিনি আরও অবহিত করেন যে, সর্বমোট বরাদ্দের মধ্যে মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন ৫টি প্রকল্পের অনুকূলে ২০২৪-২৫ অর্থবছরের আরএডিপিতে মোট বরাদ্দ ১১৩২৬.০০ লক্ষ টাকা এবং মে, ২০২৫ পর্যন্ত মোট ব্যয় হয়েছে ২০৬৫.২৪ লক্ষ টাকা, যা মোট বরাদ্দের ১৮.২৩%। মহিলা বিষয়ক অধিদপ্তরের বাস্তবায়নাধীন ৭টি প্রকল্পের অনুকূলে ২০২৪-২৫ অর্থবছরের আরএডিপিতে মোট বরাদ্দ ১২১৯২.৮৪ লক্ষ টাকা। এ অর্থবছরের মে, ২০২৫ পর্যন্ত মোট ব্যয় হয়েছে ১২৯৪৩.৩৪ লক্ষ টাকা, যা বরাদ্দের ৫৪.৮৫%। জাতীয় মহিলা সংস্থা কর্তৃক বাস্তবায়নাধীন ২টি প্রকল্পের অনুকূলে ২০২৪-২৫ অর্থবছরের আরএডিপিতে মোট বরাদ্দ ২১২০৯.০০ লক্ষ টাকা এবং মে, ২০২৫ পর্যন্ত ০২টি প্রকল্পের অনুকূলে ব্যয় হয়েছে ১৪৩৮২.০১ লক্ষ টাকা, যা মোট বরাদ্দের ৬৭.৮১%। বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক বাস্তবায়নাধীন ১টি প্রকল্পের অনুকূলে ২০২৪-২৫ অর্থবছরের আরএডিপিতে মোট বরাদ্দ ৮৩২২.০০ লক্ষ টাকা এবং মে ২০২৫ পর্যন্ত মোট ব্যয় হয়েছে ৫৫৭৫.২০ লক্ষ টাকা, যা মোট বরাদ্দের ৬৬.৯৯%। জয়িতা ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়নাধীন ১টি প্রকল্পের অনুকূলে ২০২৪-২৫ অর্থবছরের আরএডিপিতে মোট বরাদ্দ ৮৯০৭.০০ লক্ষ টাকা এবং এপ্রিল ২০২৫ পর্যন্ত ব্যয় হয়েছে ৩৯২১.২২ লক্ষ টাকা, যা মোট বরাদ্দের ৪৪.০২%। চলমান অর্থবছরের আরএডিপিতে

মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন মোট ১৬টি প্রকল্পের মধ্যে ০৩টি প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি শূন্য এবং ৪টি প্রকল্প এ অর্থ বছরে সমাপ্তির জন্য নির্ধারিত রয়েছে।

০.৩ অত:পর বিস্তারিত প্রকল্পওয়ারী আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

**(ক) মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ:**

| ক্রঃ নং | প্রকল্পের নাম, প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়নকাল | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/দপ্তর |
|---|---|---|---|---|
| ১. | এক্সিলারেটিং প্রোট্রেকশান ফর চিলড্রেন (এপিসি) (১ম সংশোধিত)<br>(১) প্রাক্কলিত ব্যয়ঃ মোট ২১৩২৩.৪৭লক্ষ টাকা (জিওবি- ৬৫৫.০০ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য- ২০৬৬৮.৪৭ লক্ষ টাকা, UNICEF)<br>(২) মেয়াদঃ ০১/০৭/২০১৭- ৩১/১২/২০২৪ | প্রকল্প পর্যালোচনায় দেখা যায়, আলোচ্য প্রকল্পটি ৩১ ডিসেম্বর ২০২৪ তারিখে সমাপ্ত হয়েছে। প্রকল্পের সমাপ্ত প্রতিবেদন (PCR) বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগে প্রেরণ করা হয়েছে। | ১. PCR এর কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করতে হবে। | ১. পরিকল্পনা -২ শাখা, মশিবিম।<br>২. প্রকল্প পরিচালক। |
| ২. | Prevention of Violence and Harmful Practices against (PVHP) Children and Women in Bangladesh<br>(১) প্রাক্কলিত ব্যয়ঃ ১৭০৩৪.৪৬ লক্ষ টাকা (জিওবি-৩৯৯৯.৫৯ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য- ১৩,০৩৪.৮৮ লক্ষ টাকা, UNICEF)<br>(২) মেয়াদঃ ০১-০৪-২০২৫ থেকে ৩১-০৩-২০২৯ | প্রকল্পটি নতুন অনুমোদিত হওয়ায় ২০২৪-২৫ অর্থবছরের আরএডিপিতে বরাদ্দ নেই। এজন্য আর্থিক অগ্রগতি না থাকলেও প্রকল্পের জনবল নিয়োগের কার্যক্রম চলমান। | ১. প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। | ১. উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান অনুবিভাগ, মশিবিম।<br>২. প্রকল্প |
| ৩. | Inclusive Services and Opportunities for Human Capital Development and Livelihood project (ISO)<br>(১) প্রাক্কলিত ব্যয়ঃ ৩৮৬৪৪.৫০ লক্ষ টাকা (জিওবি- ৩১৯.৫০ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য ৩৮৩২৫.০০ লক্ষ টাকা, বিশ্ব ব্যাংক)।<br>(২) মেয়াদঃ ০১/০৭/২০২৪- ৩০/০৬/২০২৮ | প্রকল্প পরিচালক জানান, প্রকল্পের অনুকূলে ২০২৪-২৫ অর্থবছরের আরএডিপিতে ৬৫৬৬.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। তবে ৩০ জুন, ২০২৫ পর্যন্ত ২.৫৬ লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা মোট বরাদ্দের ০.০৮%। | ১. প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। | ১. উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান অনুবিভাগ, মশিবিম।<br>২. প্রকল্প পরিচালক। |

| ক্রঃ নং | প্রকল্পের নাম, প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়নকাল | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/দপ্তর |
|---|---|---|---|---|
| ৪. | Supporting Implementation of the mother and Child Benefit Programme (SIMCBP)<br>(১) প্রাক্কলিত ব্যয়ঃ ১০৬০৩.৯১ লক্ষ টাকা (জিওবি- ১৮৬৩.৯১ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য ৮৭৪০.০০ লক্ষ টাকা, বিশ্ব ব্যাংক)।<br>(২) মেয়াদঃ ০১/১০/২০২৩-৩১/১২/২০২৮ | সভায় জানানো হয় যে, প্রকল্পের অনুকূলে ২০২৪-২৫ অর্থবছরের আরএডিপিতে ২৫২৩.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। ৩০ জুন, ২০২৫ পর্যন্ত ৪৭২.৪০ লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা মোট বরাদ্দের ১৮.৭২%। প্রকল্পের প্রশিক্ষণ খাতের বাজেটের ৮২% ইতেমধ্যে সম্পন্ন হয়েছে। প্রকল্পের আওতায় মহিলা বিষয়ক অধিদপ্তর এর MIS কে শক্তিশালী করা হবে বলে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন। | ১. উপকারভোগীর সংখ্যা সুনির্দিষ্টভাবে নির্ধারণ করতে হবে। | ১. উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান অনুবিভাগ, মশিবিম।<br>২. প্রকল্প পরিচালক। |
| ৫. | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ভবিষ্যৎ কর্মপন্থা নির্ধারণের লক্ষ্যে সার্ভে ও সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্প<br>(১) প্রাক্কলিত ব্যয়ঃ মোট ৫০০.০০ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি)<br>(২) মেয়াদঃ ০১/০৩/২০২৫ থেকে ৩০/০৬/২০২৬ | চলমান অর্থবছরের আরএডিপিতে প্রকল্পটির অনুকূলে কোনো বরাদ্দ নেই। গত ২৭ মার্চ ২০২৫ তারিখে প্রকল্পের প্রশাসনিক আদেশ জারি করা হয়। গত ০৮ এপ্রিল ২০২৫ তারিখে প্রকল্পটির প্রকল্প পরিচালক নিয়োগ করা হয়। পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ করে ২০২৪-২৫ অর্থবছরের আরএডিপিতে আলোচ্য প্রকল্পের অনুকূলে গত ২২ মে ২০২৫ তারিখের ২০.০৬.০০০০.০০০.৬১৩.১৪.০০২৫.২৫/১০২ নং স্মারকে পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগ হতে ১৭৯.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের ৫টি কার্যক্রমের মধ্যে ১ম টি বাস্তবায়নে প্রকল্প এলাকা হিসেবে ঢাকার উত্তরা, মোহাম্মদপুর ও রামপুরা কে নির্বাচন করা হয়েছে। | ১. প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম দ্রুত শুরু করতে হবে;<br>২. প্রকল্পের কর্মপরিকল্পনা ও বার্ষিক ক্রয়পরিকল্পনা অনুযায়ী প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। | ১. উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান অনুবিভাগ, মশিবিম।<br>২. প্রকল্প পরিচালক। |
| **(খ) মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ :** | | | | |
| ৬. | কিশোর কিশোরী ক্লাব স্থাপন<br>(১) প্রাক্কলিত ব্যয়ঃ মোট ৫৫১৫৬.০০ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি)<br>(২) মেয়াদঃ ০১/০৪/২০১৮-৩০/০৬/২০২৫ | প্রকল্প পরিচালক জানান যে, ২০২৪-২৫ অর্থবছরের আরএডিপিতে আলোচ্য প্রকল্পের অনুকূলে মোট বরাদ্দ ১০৭৭৩.০০ লক্ষ টাকার মধ্যে ৩০জুন ২০২৫ পর্যন্ত ৯২৭৩.০০লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা মোট বরাদ্দের ৮৬.০৮%। প্রকল্প পরিচালক জানান, প্রকল্পটির মেয়াদ ৩০ জুন ২০২৬ পর্যন্ত (০১ বছর) বৃদ্ধি পাওয়ায় উক্ত প্রকল্পের বরাদ্দ ১১৪ কোটি টাকা বাড়ানো হয়েছে। | ১. সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের ত্বরান্বিত করতে হবে। | ১. উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান অনুবিভাগ, মশিবিম।<br>২. মহাপরিচালক, মবিঅ।<br>৩. প্রকল্প পরিচালক। |

| ক্রঃ নং | প্রকল্পের নাম, প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়নকাল | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/দপ্তর |
|---|---|---|---|---|
| ৭. | ২০টি শিশু দিবাযত্ন কেন্দ্র স্থাপন (১ম সংশোধিত)<br>(১) প্রাক্কলিত ব্যয়ঃ ৮৪৬১.০০ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি)<br>(২) মেয়াদঃ ০১/০৩/২০১৬-৩০/০৬/২০২৫ | প্রকল্প পরিচালক জানান, ২০২৪-২৫ অর্থবছরের আরএডিপিতে আলোচ্য প্রকল্পের অনুকূলে মোট বরাদ্দ ১২০৬.০০ লক্ষ টাকার মধ্যে ৩০ জুন ২০২৫ পর্যন্ত ১০২২.২৩ লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা মোট বরাদ্দের ৮৪.৭৬%।<br>সভায় আরো জানানো হয় যে, প্রকল্পটির মেয়াদ ৩০ জুন ২০২৫ পর্যন্ত হলেও প্রকল্পের প্রধান কার্যালয় থেকে প্রকল্পটি ADP/RADP Manage- ment Software এ সমাপ্তির জন্য নির্ধারণ করা হয়নি। যেহেতু প্রকল্পটির মেয়াদ সমাপ্ত হচ্ছে সেক্ষেত্রে ডিপিপিতে অন্তর্ভুক্ত এক্সিড প্ল্যান সঠিকভাবে অনুসরণ করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | ১. ডিপিপিতে অন্তর্ভুক্ত এক্সিড প্ল্যান সঠিকভাবে অনুসরণ করতে হবে। | ১. উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান অনুবিভাগ, মশিবিম।<br>২. মহাপরিচালক, মবিঅ।<br>৩. প্রকল্প পরিচালক। |
| ৮. | ইনভেস্টমেন্ট কম্পোনেন্ট ফর ভালনারেভেল গ্রুপ ডেভেলপমেন্ট (ICVGD) (২য় পর্যায়) (১ম সংশোধিত)<br>(১) প্রাক্কলিত ব্যয়ঃ মোট ৩২৭৭৩.৮৮ লক্ষ টাকা (জিওবি ৩০৯৯৮.৬৯ লক্ষ টাকা ও পি.এ- ১৭৭৫.১৯ লক্ষ টাকা, ডব্লিউএফপি)<br>(২) মেয়াদঃ ০১/০৭/১৮-৩০/০৬/২০২৫ | প্রকল্প পরিচালক জানান যে, ২০২৪-২৫ অর্থবছরের আরএডিপিতে আলোচ্য প্রকল্পের অনুকূলে মোট বরাদ্দ ৪০৮৭.০০ লক্ষ টাকার মধ্যে ৩০জুন, ২০২৫ পর্যন্ত ৩২৭৯.১১ লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা মোট বরাদ্দের ৮০.২৩%। প্রকল্পটির মাধ্যমে ৯৭ হাজার ১২ জন অতি-গরীব মহিলাকে ২০ হাজার করে নগদ অর্থ প্রদান করা হয়েছে। প্রকল্পটি জুন ২০২৫ এ সমাপ্তির জন্য নির্ধারিত। ইতোমধ্যে প্রকল্পের অর্ন্তভুক্ত সম্পদের তালিকা চুড়ান্ত করা হয়েছে এবং PCR তৈরির কার্যক্রম চলমান আছে বলে উপপ্রকল্প পরিচালক সভাকে জানায়। | ১. নির্ধারিত সময় এর মধ্যে PCR জমা দিতে হবে। | ১. উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান অনুবিভাগ, মশিবিম।<br>২. মহাপরিচালক, মবিঅ।<br>৩. প্রকল্প পরিচালক। |
| ৯. | উপকূলীয় জনগোষ্ঠীর বিশেষত নারীদের জলবায়ু পরিবর্তনজনিত লবণাক্ততা মোকাবেলায় অভিযোজন সক্ষমতা বৃদ্ধিকরণ<br>(১) প্রাক্কলিত ব্যয়ঃ ৩০০৮৩.৪১ লক্ষ (জিওবি ৬৭১৬.০০ প্রকল্প সাহায্য ২৩৩৬৭.৪১) টাকা (জিওবি ও গ্রীণ ক্লাইমেট ফান্ড)।<br>(২) মেয়াদঃ ০১/০১/২০১৯-৩০/০৬/২০২৬ | প্রকল্প পরিচালক জানান যে, ২০২৪-২৫ অর্থবছরের আরএডিপিতে আলোচ্য প্রকল্পের অনুকূলে মোট বরাদ্দ ৬৮৫০.০০ লক্ষ টাকার মধ্যে ৩০জুন, ২০২৫ পর্যন্ত ২১০৮.৭০ লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা মোট বরাদ্দের ৩০.৭৮%। প্রকল্পের মেয়াদ ৩০ জুন ২০২৬ পর্যন্ত (১৮ মাস) বৃদ্ধি করা হয়েছে। ডলারের মূল্য বৃদ্ধির জন্য ১৯.৭৮ কোটি টাকা প্রকল্প সাহায্য বৃদ্ধি পায়। এই টাকাটি আগামী ১৮ মাসে খরচ করা হবে। নতুন করে প্রকল্প এলাকায় ২৬০০ পানির ট্যাংকি স্থাপনের কার্যক্রম চলমান আছে এর ফলে প্রতি ১০-১২ টি পরিবার ১টি করে পানির ট্যাংক ব্যবহার করতে পারবে। | ১. প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম ত্বরান্বিত করতে হবে;<br>২. প্রকল্পের বার্ষিক কর্ম পরিকল্পনা ও বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুযায়ী সময়ভিত্তিক কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | ১. উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান অনুবিভাগ, মশিবিম।<br>২. মহাপরিচালক, মবিঅ।<br>৩. প্রকল্প পরিচালক। |

| ক্রঃ নং | প্রকল্পের নাম, প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়নকাল | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/দপ্তর |
|---|---|---|---|---|
| ১০. | Accelerating Action to End Child Marriage in Bangladesh (২য় পর্যায়)<br>(১) প্রাক্কলিত ব্যয়: ১২৪৮.০০ লক্ষ টাকা (জিওবি ৪৬.০০ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য ১২০২.০০ লক্ষ টাকা) (PA-UNFPA)।<br>(২) মেয়াদঃ ০১/০১/২০২৩-৩১/১২/২০২৫ | প্রকল্প পরিচালক জানান যে, ২০২৪-২৫ অর্থবছরের আরএডিপিতে আলোচ্য প্রকল্পের অনুকূলে মোট বরাদ্দ ৩৮৩.০০ লক্ষ টাকার মধ্যে ৩০জুন, ২০২৫ পর্যন্ত ৩৫২.০৩ লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা মোট বরাদ্দের ৯১.৯১টি নাগরিকের নিকট সেবা পৌঁছানোর জন্য কার্যক্রম চলমান রয়েছে। UNFPA একই কার্যক্রমের উপর বড় ধরণের প্রকল্প গ্রহণের ইচ্ছা ব্যক্ত করেছেন বলে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করনে। নতুন প্রকল্প গ্রহনের ক্ষেত্রে প্রকল্প এলাকা বিস্তৃত করতে হবে বলে সভাসভাপতি মত প্রকাশ করেন। | ১. সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম ত্বরান্বিত করতে হবে;<br>২. স্কুল পর্যায়ে বাল্য বিবাহবিরোধী প্রচারণা চালাতে হবে;<br>৩. প্রকল্পের বার্ষিক কর্ম পরিকল্পনা ও বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুযায়ী সময়ভিত্তিক কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে;<br>৪. প্রকল্পকে অধিকতর ফলপ্রসূ করার জন্য মনিটরিং কার্যক্রম জোরদার করতে হবে। | ১. উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান অনুবিভাগ, মশিবিম।<br>২. মহাপরিচালক, মবিঅ।<br>৩. প্রকল্প পরিচালক। |
| ১১. | Promoting Rights and Advancement of Women and Girls to Prevent GBV Project<br>প্রাক্কলিত ব্যয় : ৮২৬.১৪ লক্ষ (জিওবি ১.১৪ লক্ষ টাকা এবং প্রকল্প সাহায্য ৮২৫.০০ লক্ষ টাকা) (জিওবি ও UNFPA)<br>(২) মেয়াদঃ ০১/১০/২০২৩-৩১/১২/২০২৬ | প্রকল্প পরিচালক জানান যে, ২০২৪-২৫ অর্থবছরের আরএডিপিতে আলোচ্য প্রকল্পের অনুকূলে মোট বরাদ্দ ২৯৯.০০ লক্ষ টাকার মধ্যে ৩০জুন, ২০২৫ পর্যন্ত ৫৮.০৩ লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা মোট বরাদ্দের ১৯.৪১%।<br>UNFPA এর সাথে আলোচনাপূর্বক প্রকল্পের কার্যক্রম ত্বরান্বিত করার জন্য সভাপতি নির্দেশ প্রদান করেন। | ১. দ্রুত কন্সালটেশন সভা আহবান করতে হবে;<br>২. UNFPA এর সাথে আলোচনা পূর্বক প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। | ১. উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান অনুবিভাগ, মশিবিম।<br>২. মহাপরিচালক, মবিঅ।<br>৩. প্রকল্প পরিচালক। |
| ১২. | রাজবাড়ী জেলাধীন গোয়ালন্দ উপজেলার দৌলতদিয়ায় বয়স্ক নারী ও সুবিধাবঞ্চিত শিশুদের জন্য আবাসিক সুবিধা সৃষ্টি প্রকল্প<br>প্রাক্কলিত ব্যয় : ২২৫১.০০ লক্ষ টাকা (জিওবি: ১৮০০.০০ লক্ষ টাকা এবং সহযোগী সংস্থা উত্তরণ ফাউন্ডেশন: ৪৫১.০০ লক্ষ টাকা)<br>(২) মেয়াদঃ ০১/০১/২০২৪-৩১/১২/২০২৫ | প্রকল্প পরিচালক জানান, ২০২৪-২৫ অর্থবছরের আরএডিপিতে আলোচ্য প্রকল্পের অনুকূলে মোট বরাদ্দ ৯০০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে যার মধ্যে ৩০জুন, ২০২৫ পর্যন্ত কোনো অর্থ ব্যয় হয়নি।<br>মন্ত্রণালয়ের পত্রের প্রেক্ষিতে মহিলা বিষয়ক অধিদপ্তর সংশ্লিষ্ট এনজিওকে জমি হস্তান্তরের বিষয়ে পত্র প্রেরণ করেছে। | ১. প্রেরিত পত্রের জবাব ইতিবাচক না হলেও প্রকল্পের কার্যক্রম বন্ধ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান অনুবিভাগ, মশিবিম।<br>২. মহাপরিচালক, মবিঅ।<br>৩. প্রকল্প পরিচালক। |

| ক্রঃ নং | প্রকল্পের নাম, প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়নকাল | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/দপ্তর |
|---|---|---|---|---|
| **(গ) জাতীয় মহিলা সংস্থা কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পসমূহঃ** | | | | |
| ১৩. | তথ্য আপাঃ তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে নারীদের ক্ষমতায়ন (২য় পর্যায়) (২য় সংশোধিত)<br>(১) প্রাক্কলিত ব্যয়ঃ মোট ৬০৩২১.৭৫ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি)<br>(২) মেয়াদঃ ০১/০৪/২০১৭-৩০/০৬/২০২৫ | উপ-প্রকল্প পরিচালক জানান যে, ২০২৪-২৫ অর্থবছরের আরএডিপিতে আলোচ্য প্রকল্পের অনুকূলে মোট বরাদ্দ ১০৭৮১.০০ লক্ষ টাকার মধ্যে ৩০জুন, ২০২৫ পর্যন্ত ৬৮১০.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা মোট বরাদ্দের ৬৩.১৭%। তিনি আরো জানান যে, পরিকল্পনা কমিশন থেকে প্রকল্পটির ৩য় সংশোধনের অনুমতি পেলে ৩য় সংশোধন এর কার্যক্রম গ্রহণ করা হবে। এছাড়া ৩য় ফেইজ এর কাজ চলমান রয়েছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। গত ২৬/০৬/২০২৫ তারিখে PIC সভা অনুষ্ঠিত হয়েছে এবং উক্ত সভায় প্রকল্পে মেয়াদ বৃদ্ধি ও বরাদ্দে বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে বলে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন। | ১. প্রকল্পটির ৩য় সংশোধনের করার জন্য পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ করতে হবে;<br>২. প্রকল্পকে অধিকতর ফলপ্রসূ করার জন্য মনিটরিং কার্যক্রম জোরদার করতে হবে;<br>৩. প্রকল্পের ৩য় ফেইজ এর কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। | ১. উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান অনুবিভাগ, মশিবিম।<br>২. নির্বাহী পরিচালক, জামস।<br>৩. প্রকল্প পরিচালক। |
| ১৪. | তৃণমূল পর্যায়ে অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন<br>প্রাক্কলিত ব্যয় : ৪২৭৯৭.৭৮ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি)<br>(২) মেয়াদঃ ০১/০১/২০২১ -৩১/১২/২০২৫ | প্রকল্প পরিচালক জানান যে, ২০২৪-২৫ অর্থবছরের আরএডিপিতে আলোচ্য প্রকল্পের অনুকূলে মোট বরাদ্দ ১০৪২৮.০০ লক্ষ টাকার মধ্যে ৩০জুন, ২০২৫ পর্যন্ত ১০৩২৩.০৩ লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা মোট বরাদ্দের ৯৮.৯৯%। | ১. সরেজমিন পরিদর্শনসহ ই-মনিটরিং জোরদার করতে হবে। | ১. উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান অনুবিভাগ, মশিবিম।<br>২. নির্বাহী পরিচালক, জামস।<br>৩. প্রকল্প পরিচালক। |
| **(ঘ) বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্প** | | | | |
| ১৫. | সমাজভিত্তিক সমন্বিত শিশু-যত্ন কেন্দ্রের মাধ্যমে শিশুদের প্রারম্ভিক বিকাশ ও সুরক্ষা এবং সাঁতার সুবিধা<br>(১) প্রাক্কলিত ব্যয়ঃ ৩০৪৩০.৫৭ লক্ষ টাকা (জিওবি-২৫০০৯.৮৭ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য ৫৪২০.৭৩ লক্ষ টাকা) ব্লুমবার্গ ফিলানথ্রোপিজ, (RNLI)<br>(২) মেয়াদঃ ০১/০১/২০২২-৩১/১২/২০২৫ | প্রকল্প পরিচালক জানান যে, ২০২৪-২৫ অর্থবছরের আরএডিপিতে আলোচ্য প্রকল্পের অনুকূলে মোট বরাদ্দ ৮৩২২.০০ লক্ষ টাকার মধ্যে ৩০জুন, ২০২৫ পর্যন্ত ৭৬৭৬.৯৫ লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা মোট বরাদ্দের ৯২.২৫%। | ১. সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম ত্বরান্বিত করতে হবে;<br>২. প্রকল্পের বার্ষিক কর্ম পরিকল্পনা ও বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুযায়ী সময়ভিত্তিক কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | ১. উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান অনুবিভাগ, মশিবিম।<br>২. মহাপরিচালক, বাশিএ।<br>৩. প্রকল্প পরিচালক। |
| **(ঙ) জয়িতা ফাউন্ডেশন (জে.এফ) কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পসমূহঃ** | | | | |
| ১৬. | জয়িতা ফাউন্ডেশনের সক্ষমতা বিনির্মাণ (১ম সংশোধিত) | প্রকল্প পর্যালোচনায় দেখা যায়, আলোচ্য প্রকল্পটি ৩১ ডিসেম্বর ২০২৪ তারিখে | ১. প্রকল্প সমাপ্ত প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | ১. উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান |

| ক্রঃ নং | প্রকল্পের নাম, প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়নকাল | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/দপ্তর |
|---|---|---|---|---|
| | (১) প্রাক্কলিত ব্যয়ঃ মোট ২৬২৯৯.৪৫ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি)<br>(২) মেয়াদঃ ০১/০১/২০১৯-৩১/১২/২০২৪ | সমাপ্ত হয়েছে। | | অনুবিভাগ, মশিবিম।<br>২. ব্যবস্থাপনা পরিচালক, জফা।<br>৩. প্রকল্প পরিচালক। |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্তঃ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/দপ্তর |
|---|---|---|---|---|
| ১. | বিবিধ | মন্ত্রণালয় ও দপ্তর সংস্থার অধীনে প্রতিটি ক্ষুদ্র থেকে বড় পরিসরে চলমান এবং সদ্য সমাপ্ত প্রকল্পের আওতায় উপকারভোগীদের তালিকা তৈরি করে মন্ত্রণালয়ে প্রেরণ করার বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন। | ১. ২০২৫-২০২৬ অর্থ বছরের এডিপি বরাদ্দের শতভাগ লক্ষ্যমাত্রা অর্জনের জন্য ক্রয়পরিকল্পনা ও কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক জুলাই, ২০২৫ এর মধ্যে অনুমোদন করতে হবে। এ লক্ষ্যে ২০/০৭/২০২৫ তারিখের মধ্যে সকল প্রকল্পের ক্রয়পরিকল্পনা ও কর্মপরিকল্পনা মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;<br>২. মন্ত্রণালয় ও দপ্তর সংস্থার অধীনে চলমান এবং সদ্য সমাপ্ত প্রকল্পের আওতায় উপকারভোগীদের সুনির্দিষ্ট তালিকা প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;<br>৩. সরেজমিন পরিদর্শনসহ ই-মনিটরিং জোরদারকরণ করতে হবে। | ১. উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান অনুবিভাগ, মশিবিম।<br>২. সংস্থা প্রধান ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণ। |
| ২. | বিবিধ | প্রকল্পওয়ারী অনুমোদিত বার্ষিক কর্মপরিকল্পনা ও বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতির তথ্য প্রতি মাসে এডিপি পর্যালোচনা সভায় উপস্থাপনের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। এ সংক্রান্ত মাসিক কর্মপরিকল্পনা ও ক্রয় পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতির তথ্য নিয়মিত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে মর্মে তিনি জানান। তিনি বলেন, ২০২৪-২৫ অর্থবছরের যে সকল প্রকল্পের মেয়াদ জুন, ২০২৫-এ সমাপ্ত হবে সেসকল প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হলে মেয়াদ সমাপ্তির ০৪ (চার) মাস পূর্বে মেয়াদ বৃদ্ধির প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। অঙ্গভিত্তিক বরাদ্দের বিস্তারিত অগ্রগতি স্টিয়ারিং কমিটির (পিএসসি) সভায় পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনে উল্লেখ করার বিষয়ে তিনি নির্দেশনা প্রদান করেন। এছাড়াও তিনি প্রতি মাসের ১৫ তারিখের মধ্যে দপ্তর/সংস্থা প্রধানগণকে তার আওতাধীন প্রকল্প | ১. প্রতি মাসের শুরুতেই পূর্ববর্তী মাসের কর্মপরিকল্পনা ও ক্রয় পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতির তথ্য (Gantt Chart সহ) নিয়মিত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং এ সংক্রান্ত তথ্যাদি এডিপি পর্যালোচনা সভায় আলোচ্যসূচিভুক্ত করে নিয়মিত উপস্থাপন করতে হবে। সভায় প্রকল্প পরিচালকগণ কর্মপরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী তাদের প্রকল্পের অগ্রগতি সভায় উপস্থাপন করবেন ;<br>২. প্রতি মাসের ১৫ তারিখের মধ্যে দপ্তর/সংস্থা প্রধানগণ প্রকল্প পরিচালকদের সমন্বয়ে প্রকল্প বাস্তবায়ন বিষয়ক সভা করবে এবং সভার কার্যবিবরণী নিয়মিত মন্ত্রণালয়ে প্রেরণ করবে;<br>৩. অর্থবছরের শুরুতেই যে সমস্ত ক্রয়পদ্ধতি বাস্তবায়নে অধিক সময় প্রয়োজন সেসব ক্ষেত্রে অর্থবছরের শুরু থেকেই কার্যক্রম গ্রহণ করতে হবে;<br>৪. কোনো প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হলে পিএসসি সভার সুপারিশ গ্রহণপূর্বক মেয়াদ সমাপ্তির ৪ মাস পূর্বে মেয়াদ বৃদ্ধির প্রস্তাব | ১. উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান অনুবিভাগ, মশিবিম।<br>২. সংস্থা প্রধান ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণ। |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্তঃ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/দপ্তর |
|---|---|---|---|---|
| | | পরিচালকদের সমন্বয়ে প্রকল্পের বাস্তবায়ন বিষয়ক সভা করার নির্দেশনা প্রদান করেন। | মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;<br>৫. অঙ্গাভিত্তিক বরাদ্দের বিস্তারিত অগ্রগতি প্রকল্পের স্টিয়ারিং কমিটির (পিএসসি) সভায় পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনে উল্লেখ করতে হবে;<br>৬. প্রকল্পের বাস্তবায়ন কমিটির (পিআইসি) সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং তা প্রকল্পের স্টিয়ারিং কমিটির (পিএসসি) সভায় উপস্থাপন করতে হবে;<br>৭. পিআইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী দ্রুত পিএসসি সভা আহবান করতে হবে;<br>৮. প্রকল্পের অর্থ ছাড়ের প্রস্তাব নির্ধারিত সময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;<br>৯. প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রমের গুণগতমান পরিবীক্ষণের লক্ষ্যে ই-মনিটরিংসহ সরেজমিনে মনিটরিং কার্যক্রম অব্যাহত রাখতে হবে। ই-মনিটরিং কার্যক্রমে মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের সম্পৃক্ত করতে হবে;<br>১০. প্রকল্প পরিচালকগণকে কর্মদিবসের অধিকাংশ সময় মাঠে প্রকল্পের তদারকি কার্যক্রম পরিদর্শন করতে হবে। পরিদর্শনের নিয়মিত ছবি হোয়াটস অ্যাপে প্রেরণ করতে হবে;<br>১১. সকল চলমান প্রকল্পের ক্ষেত্রে Television Commercial (TVC) প্রণয়ন করে দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;<br>১২. মন্ত্রণালয়সহ সকল দপ্তর/সংস্থাকে পরিদর্শন ক্যালেন্ডার প্রণয়নপূর্বক পরিদর্শন কার্যক্রম পরিচালনা করতে হবে।<br>১৩. কোনো প্রকল্প শেষ হবার ৬ মাস পূর্ব থেকে প্রকল্পের অডিট প্রক্রিয়া শুরু করতে হবে। | |

০৪. পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৭/০৭/২০২৫

মমতাজ আহমেদ এনডিসি
সিনিয়র সচিব
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়